# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**08-04-2026** **Time: 7.50 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে বিধানসভা ভোটের দিনক্ষণ এগিয়ে আসার সঙ্গেই প্রচারাভিযান জোরদার হয়ে উঠেছে। একদিকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী হুগলীর বিভিন্ন জায়গায় দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা করেছেন। অন্যদিকে বিজেপরির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন, তাঁর দলের প্রার্থীদের হয়ে প্রচার চালিয়েছেন।

২) বরিষ্ঠ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নির্বাচনী প্রচারে আগামীকাল রাজ্যে আসছেন।

৩) রাজ্যে প্রথম দফা বিধানসভা নির্বাচনে প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন আগামীকাল। এদিনই দ্বিতীয় দফায় মনোনয়ন জমা দেওয়ার সময়সীমা শেষ হচ্ছে।

৪) নির্বাচন কমিশন, ভোটের দায়িত্বে গাফিলতির অভিযোগে কোচবিহার দক্ষিণ বিধানসভা কেন্দ্রের সাধারণ পর্যবেক্ষক অনুরাগ যাদবকে সরিয়ে দিয়েছে।

৫) নানা অভিযোগ নিয়ে মুখ্য নির্বাচন কমিশনারের সঙ্গে আজ বিজেপি এবং তৃণমূল কংগ্রেসের বৈঠক।

৬) রাজ্যের সর্বত্র আজ ও আগামীকাল রাজ্যের সর্বত্র হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

---

রাজ্যে বিধানসভা ভোটের দিনক্ষণ এগিয়ে আসার সঙ্গেই প্রচারাভিযান জোরদার হয়ে উঠেছে।

বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন আলিপুরদুয়ারে এক নির্বাচনী জনসভায় অভিযোগ করেন, তৃণমূল কংগ্রেসের শাসনকালে বাংলা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। মা মাটি মানুষের স্লোগানকে সামনে রেখে ক্ষমতায় এলেও বর্তমানে মা অর্থাত্‍ মহিলারা সুরক্ষিত নন। অনুপ্রবেশকারীদের এরাজ্যে আশ্রয় দিয়ে মাটির ওপর থেকে রাজ্যের মানুষের অধিকার কেড়ে নেওয়া হচ্ছে। দুর্নীতি ও তোষণের কারণে মানুষ রাজ্য ছেড়ে চলে যাচ্ছে। মুখ্যমন্ত্রীর শাসনকালে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছেন চা বাগানের শ্রমিকরা।

বাইট নীতিন নবীন

এরপর নাগরাকাটায় চা শ্রমিকদের সঙ্গে বৈঠক করেন শ্রী নবীন। আগামীকাল তিনি মালদা যাবেন। উত্তর দিনাজপুরের চাকুলিয়াতেও জনসভায় যোগ দেওয়ার কথা তাঁর।

এদিকে, কেন্দ্রীয় পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং সেখাওয়াত আজ নাগরাকাটায় বিজেপির কর্মীসভায় যোগ দেন।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী হুগলীর আরামবাগ ও বলাগড়ে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভায় করেন। তিনি বলেন, পরিকল্পনা করে বিবেচনাধীন তালিকার প্রায় ২৭ লক্ষ নাম বাদ দেওয়া হয়েছে।

বাইট মমতা

কংগ্রেস এবং বাম দলগুলির প্রার্থীরাও আজ বিভিন্ন কেন্দ্রে প্রচারে যোগ দেন।

-------------------------

বরিষ্ঠ বিজেপি নেতা, **প্রধানমন্ত্রী** নরেন্দ্র মোদী নির্বাচনী প্রচারে আগামীকাল রাজ্যে আসছেন। পূর্ব মেদিনীপুরের হলদিয়ায়, পশ্চিম বর্ধমানের আসানসোল এবং বীরভূমের সিউরিতে দলীয় প্রার্থীদের সমর্থনে তিনটি জনসভা করবেন তিনি।

এদিকে বিজেপি নেতা, কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান দলীয় কর্মসূচিতে যোগ দিতে আজ রাতেই রাজ্যে আসছেন। আগামীকাল শ্রী চৌহান হুগলীর সিঙ্গুরে কৃষকদের একটি সভায় উপস্থিত থাকবেন। দুপুরে কলকাতায় জাতীয় গ্রন্থাগারে এক সম্মেলনে যোগ দেবেন তিনি।

-------------------------

রাজ্যে প্রথম দফা বিধানসভা নির্বাচনে প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন আগামীকাল। এই দফায় ১৫২ টি আসনে আগামী ২৩ শে এপ্রিল ভোটগ্রহণ।

এদিকে, দ্বিতীয় দফায় ১৪২ টি আসনের জন্য মনোনয়ন জমা দেওয়ার সময়সীমা আগামীকাল শেষ হচ্ছে। পরদিন জমা পড়া মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থী পদ প্রত্যাহারের শেষ দিন ১৩ ই এপ্রিল। এই পর্বে ১৪২ টি আসনে ২৯ শে এপ্রিল ভোট নেওয়া হবে।

তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ ভবানীপুর কেন্দ্র থেকে মনোনয়ন তাঁর মনোনয়ন জমা দেন।

প্রার্থীপদ দাখিল করেছেন ভাঙড়ের তৃণমূল প্রার্থী সওকাত মোল্লা, ক্যানিং পূর্বের আইএসএফ প্রার্থী আরাবুল ইসলাম।

হাওড়ার শ্যামপুরে বিজেপি প্রার্থী অভিনেতা হিরন্ময় চট্টোপাধ্যায় আজ মনোনয়ন জমা দেন।

শ্রীরামপুর বিধানসভা কেন্দ্রের কংগ্রেস প্রার্থী শুভঙ্কর সরকার ভবানীপুর কেন্দ্রে কংগ্রেস প্রার্থী প্রদীপ প্রসাদ এবং কৃষ্ণনগর উত্তর বিধানসভা কেন্দ্রে অর্ঘ্য গণ আজ তাদের মনোনয়ন দাখিল করেছেন।

------------------------

রাজ্যে বিধানসভা নির্বাচনে কংগ্রেস আজ আটটি আসনে তাদের প্রার্থী বদলের কথা ঘোষণা করেছে।

নদীয়ার নাকাশিপাড়া ও চাপড়া, উত্তর ২৪ পরগণার হাবরা ও মিনাখা, দক্ষিণ ২৪ পরগণার মন্দিরবাজার এবং পূর্ব বর্ধমানের রায়না, কেতুগ্রাম ও আউসগ্রামের প্রার্থী বদল করে নতুন প্রার্থীদের নাম প্রকাশ করা হয়েছে।

এদিকে, বিজেপি, আজ তাদের ষষ্ঠ তালিকা প্রকাশ করেছে। এই তালিকা অনুসারে রাকেশ সিং কলকাতা বন্দর থেকে প্রতিদ্বন্দ্বিতা করবেন। বিধানসভা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য রাকেশ সিং-কে গত সোমবারই শর্ত সাপেক্ষে অন্তর্বর্তী জামিন দেয় কলকাতা হাইকোর্ট।

------------------------

বিধানসভা নির্বাচনকে কেন্দ্র করে রাজ্যে নিরাপত্তা জোরদার করতে আরও ১৫০ কোম্পানি কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী এবং ভিন রাজ্যের সশস্ত্র পুলিশ ব্যাটালিয়ন রাজ্যে আসছে। সিআরপিএফের ৩২ কোম্পানি, বিএসএফের ৫৫

কোম্পানি, সিআইএসএফের ৬ কোম্পানি এবং এসএসবি-র ২ কোম্পানি বাহিনী মোতায়েন করা হচ্ছে। এছাড়াও বিভিন্ন রাজ্য থেকে মোট ৫৫ কোম্পানি সশস্ত্র পুলিশ বাহিনী পাঠানো হচ্ছে। এর মধ্যে মিজোরাম ও অসম থেকে ৫, মেঘালয়, মধ্যপ্রদেশ ও বিহার থেকে ১০, মহারাষ্ট্র, ছত্তীসগঢ় ও ঝাড়খণ্ড থেকে ৫ কোম্পানী করে বাহিনী আসবে। ১৮ এপ্রিলের মধ্যে এই বাহিনী মোতায়েন প্রক্রিয়া সম্পূর্ণ করতে বলা হয়েছে। বিধানসভা নির্বাচনের প্রেক্ষিতে রাজ্যে ২ হাজার ৪০০ কোম্পানি বাহিনী মোতায়েনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

-------------------------

নির্বাচন কমিশন , ভোটের দায়িত্বে গাফিলতির অভিযোগে কোচবিহার দক্ষিণ বিধানসভা কেন্দ্রের সাধারণ পর্যবেক্ষক অনুরাগ যাদবকে সরিয়ে দিয়েছে। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার সহ কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চের সঙ্গে আজ এরাজ্যের পর্যবেক্ষকদের বৈঠক চলাকালীন, অনুরাগ যাদব, তাঁর দায়িত্বে কটি বুথ রয়েছে, তা বলতে না পারায়, কমিশনের এই সিদ্ধান্ত।

সংশ্লিষ্ট দায়িত্ব সম্পর্কে পর্যাপ্ত ধারণা না থাকায় নির্বাচনী প্রক্রিয়ার নিরপেক্ষতা ও কার্যকারিতা নিয়ে প্রশ্ন উঠতে পারে বলে মনে করছে কমিশন। সেই কারণেই অবিলম্বে অনুরাগ যাদবকে তাঁর দায়িত্ব থেকে সরিয়ে দেওয়া হয়েছে।

উল্লেখ্য, বিধানসভা নির্বাচনের আগে আজ রাজ্যের সব পর্যবেক্ষকের সঙ্গে বৈঠক করে নির্বাচন কমিশন। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ-এর ডাকা ওই বৈঠকে পর্যবেক্ষকদের কাজকর্ম নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

-------------------------

ভোটের আবহে রাজ্যে বর্তমান আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আজ নির্বাচন কমিশনের সঙ্গে সাক্ষাত্‌ করে বিজেপির উচ্চপর্যায়ের এক প্রতিনিধি দল। কেন্দ্রীয় মন্ত্রী, বিজেপি নেতা ডক্টর বীরেন্দ্র কুমারের নেতৃত্বে এই প্রতিনিধি দলটি অভিযোগ করে, রাজ্য জুড়ে বর্তমানে ভয় এবং নৈরাজ্যের পরিবেশ তৈরি করা হয়েছে। পরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে শ্রী কুমার বলেন, বাংলার মানুষ যাতে ভয়মুক্ত পরিবেশে তাঁদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করতে পারেন তা নিশ্চিত করতে হবে কমিশনকে।

এর আগে আজ সকালে তৃণমূল কংগ্রেসের ওই প্রতিনিধি দল, পশ্চিমবঙ্গে নির্বাচনী প্রক্রিয়ায় নিরপেক্ষতা ও স্বচ্ছতা নিয়ে আশঙ্কা প্রকাশ করে কমিশনের কাছে এক স্মারকলিপি জমা দেন। প্রতিনিধি দলে ছিলেন, ডেরেক ও'ব্রায়েন, সাগরিকা ঘোষ, সাকেত গোখলে ও মেনকা গুরুস্বামী।

এরপরই নির্বাচন কমিশন, সামাজিক মাধ্যমে এক পোস্টে পশ্চিমবঙ্গে অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ এবং হিংসা ও ভয়মুক্ত নির্বাচন সুনিশ্চিত করার আশ্বাস দেয়। বুথ জ্যাম বা রিগিং-এর মতো কোনোরকম  ঘটনাও এবারের নির্বাচনে হবে না বলেও কমিশন স্পষ্ট জানিয়েছে।

------------------------

কলকাতা স্ট্র্যান্ড রোডে আজ দুপুরে অস্ত্র সহ বিহারের বাসিন্দা এক যুবককে গ্রেপ্তার করেছে কলকাতা পুলিশের এসটিএফ। মহম্মদ ইউসুফ নামে বছর ১৮-র ঐ যুবকের কাছ থেকে উদ্ধার হয়েছে  ৫টি আগ্নেয়াস্ত্র, ৪০ রাউন্ড গুলি ও চারটি ম্যাগাজিন। ধৃতকে আগামীকাল ব্যাঙ্কশাল আদালতে তোলা হবে।

------------------------

দক্ষিণ ২৪ পরগণার ভাঙড়ের তারদাহ গ্রাম পঞ্চায়েতে আইএসএফ প্রার্থী আরাবুল ইসলামের প্রচার চলাকালীন হামলার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। আজ বিকেলে প্রচার গাড়িতে ভাঙচুর, এবং কর্মী-সমর্থকদের মারধর করা হয় বলে অভিযোগ। যদিও তৃণমূল কংগ্রেস সব অভিযোগ অস্বীকার করেছে।

------------------------

বিধানসভা ভোটের কাজে সিভিক পুলিশ, গ্রিন পুলিশ বা স্টুডেন্ট পুলিশকে নিযুক্ত করা যাবে না বলে নির্বাচন কমিশন জানিয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে পাঠানো এক চিঠিতে কমিশন জানিয়েছে, ভোটগ্রহণের তিনদিন আগে থেকে নির্বাচনের পরদিন পর্যন্ত তাদের ইউনিফর্ম পরে কোনো দায়িত্ব পালনের অনুমতি দেওয়া হবে না।

------------------------

১৩ বছর পর জেল থেকে মুক্তি পাচ্ছেন সারদা কর্তা সুদীপ্ত সেন। কলকাতা হাইকোর্টের বিচারপতি, রাজর্ষি ভরদ্বাজের ডিভিশন বেঞ্চ রাজ্য পুলিশের দুটি মামলায় আজ তার শর্ত সাপেক্ষে জামিন মঞ্জুর করেছেন। এর আগেই ২৮২ টি মামলায় জামিন পান তিনি। আগামীকালই জেল থেকে ছাড়া পেতে পারেন রাজ্যে চিটফান্ড কেলেঙ্কারিতে প্রধান অভিযুক্ত সারদা কর্তা সুদীপ্ত সেন। আদালতের পর্যবেক্ষণ, সংবিধানের যেসব ধারায় সুদীপ্ত সেন গ্রেফতার হয়েছিলেন, সেই অনুযায়ী যতদিন সংশোধনাগারে থাকার কথা তার দ্বিগুন সময় ধরে তিনি সেখানে রয়েছেন।

শর্ত অনুযায়ী নিম্ন আদালতে তাকে পাসপোর্ট জমা রাখতে হবে। আদালতের অনুমতি ছাড়া তিনি রাজ্যের বাইরে বেরোতে পারবেন না। কোনো সাক্ষীকে প্রভাবিত করা চলবেনা। বারাসাত থানার ওসির কাছে স্থায়ী বসবাসের ঠিকানা জানিয়ে রাখতে হবে।

-------------------------

অনুকূল বায়ু প্রবাহ ও বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণে জলীয় বাষ্প স্থলভাগে প্রবেশ করায় আজ ও আগামীকাল রাজ্যের সর্বত্র হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। মুর্শিদাবাদ, নদিয়া ও উত্তর ২৪ পরগণায় আজ বজ্র বিদ্যুত্‍ সহ  বৃষ্টি এবং ৬০ থেকে ৭০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়ার লাল সতর্কতা জারি করা হয়েছে। কলকাতা, হাওড়া, দক্ষিণ চব্বিশ পরগনা সহ রাজ্যের অন্য জেলাগুলিতেও জারি করা হয়েছে কমলা সর্তকতা। উত্তর ও দক্ষিণবঙ্গের কয়েকটি অংশে শিলা বৃষ্টিও হতে পারে। ইতোমধ্যেই কলকাতার কয়েকটি জায়গায় বৃষ্টি শুরু হয়েছে।

আগামী শুক্রবার থেকে দিনের তাপমাত্রা চার থেকে ছয় ডিগ্রি সেলসিয়াস বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা।

-------------------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয়- ‘দৈনন্দিন জীবনে আবহাওয়া এবং জলবায়ু পরিবর্তন’। আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাসের সঙ্গে কথা বলেছেন আমাদের প্রতিনিধি কাশফিন নাহার। আজ শুনবেন প্রথম পর্ব।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে ৯ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

------------------------- -------------------------